

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৬২

বিলোনীয়া, ১ আগস্ট, ২০২৫

গতবছরের বন্যায় ক্ষতিগ্রস্ত মাছচাষীদের নানা সহায়তা প্রদান

গত বছরের আগস্ট মাসের বন্যায় দক্ষিণ ত্রিপুরা জেলার ক্ষতিগ্রস্ত মাছচাষীদেরকে মৎস্য দপ্তর থেকে বিভিন্ন সহায়তা প্রদান করা হয়েছে। যাদের জলাশয়ে মাটি পড়েছে তা সরানোর জন্য, জলাশয়ের পাড় বাঁধানোর জন্য এবং সংস্কারের জন্য প্রতি হেক্টর জলাশয় পিছু ৬২ হাজার ৫০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। জেলায় মোট ৩৬২ জন মাছচাষীকে ৩৩.৬০ হেক্টর জলাশয়ের জন্য মোট ২১ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এরমধ্যে বিলোনীয়া মহকুমার ১৫৬ জন মাছচাষীকে ১২.৪৮ হেক্টর জলাশয়ের জন্য দেওয়া হয়েছে ৭ লক্ষ ৮০ হাজার টাকা, শান্তিরবাজার মহকুমায় ১১৮ জন মাছচাষীকে ১০.৮৮ হেক্টর জলাশয়ের জন্য দেওয়া হয়েছে ৬ লক্ষ ৮০ হাজার টাকা এবং সারুম মহকুমার ৮৮ জন মাছচাষীকে ১০.২৪ হেক্টর জলাশয়ের জন্য দেওয়া হয়েছে ৬ লক্ষ ৪০ হাজার টাকা। বিলোনীয়াস্থিত মৎস্য দপ্তরের উপঅধিকর্তা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
